


জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

মুজিব MUJIB
শতবর্ষ 100

নম্বর- ৩৭.০৬.০০০০.৩০৩.৩১.২৩৫.২০. ৮৮৮

তারিখ: ২/৮/২০২০ খ্রি.

বিষয়: বিজ্ঞপ্তি প্রকাশ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, অত্র পত্রের সাথে সংযুক্ত ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ-দ্বাদশ শ্রেণির সাহিত্য পাঠ (গদ্য ও কবিতা), বাংলা সহপাঠ (উপন্যাস ও নাটক), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) এবং English For Today পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাঁধাই করে বাজারজাতকরণের জন্য অফার আহ্বানের সংশোধিত বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় ০৫/৮/২০২০ তারিখের মধ্যে ২ কলাম ৯ ইঞ্চি সাইজ ভেতরের পাতায় হুবহু একবার প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রকাশিত বিজ্ঞপ্তিসহ ০৩ (তিন) কপি বিল দাখিল করলে তা বোর্ডের নিয়মানুযায়ী পরিশোধের ব্যবস্থা নেয়া হবে।

০৪/৮/২০২০

(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)

সচিব

ফোন: ৯৫৬৫৬৪৪

বিজ্ঞাপন ম্যানেজার

- ১। দৈনিক বাংলাদেশ প্রতিদিন
- ২। দৈনিক আমাদের সময়
- ৩। দৈনিক সংবাদ
- ৪। দৈনিক আজকালের খবর
- ৫। দৈনিক আমার সংবাদ
- ৬। দৈনিক ভোরের দর্পন
- ৭। দৈনিক যায় যায় দিন

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১. সদস্য (অর্থ), এনসিটিবি
- ২-৩. উপসচিব (প্রশাসন/কমন), এনসিটিবি
৪. বিতরণ নিয়ন্ত্রক, এনসিটিবি
৫. প্রোগ্রামার, এনসিটিবি (সিপিটিইউ এবং এনসিটিবির ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. লাইব্রেরিয়ান, এনসিটিবি
৭. পি এ টু চেয়ারম্যান, এনসিটিবি
৮. পি এ টু সচিব, এনসিটিবি
৯. হিসাব শাখা
১০. সংরক্ষণ নথি (প্রশাসন)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

www.nctb.gov.bd

নম্বর-৩৭.০৬.০০০০.৩০৩.৩১.২৩৫.২০. ৫২৫ তারিখ : ০৪/৮/২০২০

সংশোধিত অফার আহ্বানের বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ-দ্বাদশ শ্রেণির সাহিত্য পাঠ (গদ্য ও কবিতা), বাংলা সহপাঠ (উপন্যাস ও নাটক), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) এবং English For Today পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাঁধাই করে বাজারজাতকরণের জন্য আবেদন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি নং-৫১৭ তারিখ : ২২/৭/২০২০ এর বিষয়ে নিম্নরূপ সংশোধন দেয়া হলো:

(১) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর-১০২৯/২০২০ তারিখ: ৩০/৭/২০২০ এর নির্দেশনা মোতাবেক দরপত্র নির্দেশিকার বিক্রয়ের শেষ তারিখ ও সময় : ২০/৮/২০২০ অফিস চলাকালীন সময়, অফার প্রস্তাব জমাদানের শেষ তারিখ ও সময় : ২৩/৮/২০২০ বেলা ২.০০ টা এবং অফার প্রস্তাব উন্মুক্তকরণের তারিখ ও সময় ২৩/৮/২০২০ বেলা ২.৩০ টা নির্ধারণ করা হলো।

(২) অফার পদ্ধতির অকশনের নির্দেশিকার পৃষ্ঠা নম্বর-০১ এর ক্রমিক ২ এর (৫) আর্থিক স্বচ্ছলতা প্রমানের জন্য প্রতিটি অফারের বিপরীতে মোট পাঠ্যপুস্তকের মোট মূল্যের ৭০% অর্থের সমপরিমাণ ব্যাংকের আর্থিক স্বচ্ছলতা/Credit Commitment for Line of Credit সার্টিফিকেট দাখিল করতে হবে।

(৩) অফার পদ্ধতির অকশনের নির্দেশিকার পৃষ্ঠা নম্বর-১১ এর আর্থিক স্বচ্ছলতার সনদপত্র নমুনায় বর্ণিত 'এনসিটিবির প্রস্তাব নম্বর এর জন্য প্রতিষ্ঠানটি মনোনিত হলে প্রস্তাবের প্রয়োজনীয় সমুদয় অর্থ উক্ত হিসাব হতে ব্যয় করা হবে মর্মে ব্যাংক অঙ্গিকার করছে।' অংশটুকু বাদ দেওয়া হলো।

(৪) চারটি পাঠ্যপুস্তকের ফর্মা সংখ্যা ইনারসহ যথাক্রমে (১) সাহিত্য পাঠ (গদ্য ও কবিতা) ৪৫ ফর্মা, (২) বাংলা সহপাঠ (উপন্যাস ও নাটক) ১৯ ফর্মা, (৩) English For Today ২৬.৫ ফর্মা এবং (৪) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ২৮.৭৫ ফর্মা।

(৫) চুক্তির সময় কর্তৃপক্ষ চারটি বিষয়ের পাঠ্যপুস্তকের মধ্যে যে কোন এক বা একাধিক বিষয়ের পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাত না করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(৬) চুক্তির সময় কর্তৃপক্ষ বাজারজাতকরণের জন্য নির্ধারিত পাঠ্যপুস্তকের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।



(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)

সচিব

ফোন নম্বর : ৯৫৬৫৬৪৪